



# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর

৪৫/এ, খান বাহাদুর ইসমাইল সড়ক, চরকমলাপুর, ফরিদপুর

ফোনঃ ০২৪৭৮৮৪৭১১৮ ই-মেইলঃ [faridpur@bcc.gov.bd](mailto:faridpur@bcc.gov.bd) Web Site: <http://faridpur.bcc.gov.bd>

স্মারক নম্বর: ৫৬.০১.২৯০০.০২০.৪৭.০০১.২১.৯৮

তারিখঃ ১৮/০৭/২০২৪ খ্রিঃ

## নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর -এর অকেজো ঘোষিত মালামাল (২ টি লটে যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে সরবরাহকৃত কোটেশন ফরমে আগামী ২৯ জুলাই, ২০২৪ তারিখ দুপুর ২.৩০ টার মধ্যে বিসিসি ফরিদপুর কার্যালয়ের ৪র্থ তলায় রক্ষিত টেভার বক্সে দর দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন দুপুর ৩.০০ টায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) দাখিলকৃত দর উন্মুক্ত করা হবে।

২। অকেজো ঘোষিত ২ টি লটের মধ্যে প্রথম লটে কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য যন্ত্রপাতি এবং দ্বিতীয় লটে আসবাবপত্র ও অন্যান্য মালামাল রয়েছে।

৩। নিলাম সংক্রান্ত ২টি কোটেশন ফরম ১৫০/- টাকা করে মোট ৩০০/- টাকায় (অফেরতযোগ্য) বিসিসি ফরিদপুর কার্যালয় হতে ২১ থেকে ২৮ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। নিলাম কোটেশনসহ বিস্তারিত তথ্য সংগ্রহ ও মালামাল পরিদর্শনের জন্য উল্লিখিত সময়ের মধ্যে কার্যালয়ে যোগাযোগ করার অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো নিলাম দরপত্র দাখিল করা যাবে না। অনলাইনে বিজ্ঞপ্তি দেখতে ভিজিট করুনঃ [faridpur.bcc.gov.bd](http://faridpur.bcc.gov.bd)

### শর্তাদিঃ

(ক) ব্যক্তি দরদাতার জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ TIN সনদপত্র এবং ব্যবসায়ী প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ এবং আয়কর সনদ দাখিল করতে হবে এবং জামানত হিসেবে “আঞ্চলিক পরিচালক, বিসিসি আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর” -এর অনুকূলে ১০,০০০ (দশ হাজার) টাকা পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) জমা দিতে হবে।

(খ) দাখিলকৃত কাগজপত্র যাচাই সাপেক্ষে সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশের তারিখ হতে সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে দাখিলকৃত মূল্য “আঞ্চলিক পরিচালক, বিসিসি আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর” -এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদানপূর্বক মালামাল গ্রহণ এবং নিজ দায়িত্বে পরিবহন করতে হবে। নির্ধারিত সময়ে সমুদয় অর্থ প্রদান করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

(গ) দরপত্রে মালামালের প্রস্তাবিত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নির্বাচিত দরদাতাকে উদ্ধৃত মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।

(ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল এবং নিলাম বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
26/07/2024

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।